দৈনিক
ইত্তেফাক

08 MAR 2017
৭ ২

# সিরাজগঞ্জে স্কুল কমিটি গঠনকে কেন্দ্র করে উত্তেজনা

■ সিরাজগঞ্জ প্রতিনিধি

সিরাজগঞ্জ সদর উপজেলার খোকশাবাড়ি ইউনিয়নের ব্রাহ্মণগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনার সৃষ্টি হয়েছে, এলাকাবাসী সূত্রে জানা যায়, গত বছরের ২০ অক্টোবর উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনের উদ্যোগ নেয়া হয়। কিন্তু কমিটি গঠনের বিষয়টি এলাকাবাসীর কাছে স্পষ্ট না হওয়ায় বিশৃঙ্খলার সৃষ্টি হয়। এতে কমিটি গঠন প্রক্রিয়া সাময়িকভাবে স্থগিত করা হয়। পরবর্তীতে প্রধান শিক্ষক নিজের পছন্দমতো লোক দিয়ে কমিটি গঠন করেন। যে কারণে এলাকাবাসী আরো বিক্ষুব্ধ হয়ে ওঠে এবং ইতোমধ্যেই সদ্যগঠনকৃত কমিটি থেকে তিনজন পদত্যাগ করেছেন বলে জানা গেছে। ফলে যে কোনো সময় এলাকায় অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটার আশঙ্কা দেখা দিয়েছে বলে এলাকাবাসীর অভিমত। এ অবস্থায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জরুরি পদক্ষেপ নেয়ার দাবি জানিয়েছে এলাকাবাসী।

এ ব্যাপারে বিদায়ী সভাপতি কে এম ওয়াজেদ আলী জানান, তার সাথে কোনো প্রকার আলোচনা না করে প্রধান শিক্ষক নিজের ইচ্ছামতো কমিটি গঠন করেছেন। অবিলম্বে এ কমিটি বাতিল করে নতুন কমিটি গঠনের দাবি জানান তিনি।

প্রধান শিক্ষক শাপলা খাতুন এ অভিযোগ মিথ্যা উল্লেখ করে বলেন, এখনো পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়নি। বর্তমানে আমি মাতৃকালীন ছুটিতে আছি। ছুটি শেষে কর্মস্থলে যোগদান করে ম্যানেজিং কমিটির ১১ জন সদস্যকে ডেকে সকলের মতামতের ভিত্তিতেই সভাপতি ও সহ-সভাপতি নির্বাচন করা হবে।